গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ
www.cooperative.sirajganj.gov.bd

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩
২৯ জুন ২০২৬

**নম্বর:** ৪৭.৬১.৮৮০০.০০০.০০০.৩২.০০০৮.১২.৪৭০

## অফিস আদেশ

সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৪৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে সিরাজগঞ্জ জেলাধীন নিম্নবর্ণিত সমবায় সমিতিসমূহের ২০২৬ -২০২৭ সনের (সমবায় বর্ষের) বার্ষিক হিসাব বিবরণী নিরীক্ষা সম্পাদনের জন্য সমিতির নামের পাশে বর্ণিত নিরীক্ষা কর্মকর্তাকে নিয়োগ প্রদান করা হলো। উল্লেখ্য যে বদলীজনিত কারণে স্থলাভিষিক্ত কর্মকর্তা তদস্থলে লক্ষ্যমাত্রা অনুযায়ী নিরীক্ষাকার্য সম্পাদন করবেন।

শর্তাবলী:

০১। সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০), অডিট ম্যানুয়াল পরিপত্র ও দপ্তর আদেশ অনুসারে নিরীক্ষা কাজ সম্পাদন করে ব্যক্তিগত নিরীক্ষা রিটার্ণসহ নিরীক্ষা প্রতিবেন নিরীক্ষক কর্তৃক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে। নিরীক্ষা সম্পর্কীত নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০৬৩.০১৮.০২.১৭-৭৭, তারিখ: ১৪/০৬/২০১২ খ্রি. মূলে সর্বশেষ জারীকৃত সার্কুলারে উল্লেখিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে। বিশেষ করে যে সকল সমবায় সমিতির স্থাবর সম্পত্তি, প্লান্ট, মেশিনারিজ ইত্যাদি রয়েছে সে সকল সমিতির নিরীক্ষা প্রতিবেদনে উল্লেখিত সম্পদের মালিকানা, রক্ষণাবেক্ষণ, মূল্যায়ন ও নিরাপত্তা বিষয়ে প্রতিবেদনে সুস্পষ্ট মন্তব্য প্রদান করতে হবে।

০২। নিরীক্ষা কর্মকর্তাগণ সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৪৫ ও ৪৬ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর ১০০, ১০১, ১০২, ১০৩ বিধির আলোকে অডিটকার্য সম্পাদন করিবেন।

০৩। সমিতির অর্থ আদায় বা ব্যয়ের ক্ষেত্রে উল্লেখযোগ্য অনিয়ম বা ত্রুটি আছে কিনা; সে বিষয়ে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ১০৩(১)(ঙ) বিধি মোতাবেক মন্তব্য প্রদান করবেন। প্রয়োজনে তিনি বিশেষ প্রতিবেদনের মাধ্যমে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করবেন।

০৪। ছোট খাট ভুল-ত্রুটি বা অনিয়মসমূহ তাৎক্ষনিকভাবে সংশোধন করে নেওয়ার ব্যবস্থা করবেন।

০৫। যে সকল সমবায় সমিতি বিভিন্ন কৌশলে আমানত গ্রহণ ও বিনিয়োগ করে তাদের বিষয়ে ঝুঁকিসমূহ নিরুপন করে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণের বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করবেন।

০৬। অডিট কর্মসূচী প্রণয়ণের ক্ষেত্রে আর্থিকভাবে স্বচ্ছল এবং কার্যকর সমবায় সমিতিসমূহের অডিট অগ্রাধিকার ভিত্তিতে সম্পাদন নিশ্চিত করতে হবে। অর্থাৎ সর্বাগ্রে এ শ্রেণীভূক্ত তারপর ‘বি’, ‘সি’, ‘ডি’, এই ধারাবাহকিতায় অডিট সম্পাদন করতে হবে।


০৭। নির্ধারিত সময়ে অডিট প্রতিবেদন দাখিল নিশ্চিত করতে হবে। অডিট প্রতিবেদন ব্যতিত অডিট সম্পাদন দেখানো যাবে না। অডিট রিপোর্টের সাথে অফিসার ভিত্তিক অডিট রিটার্ণ দাখিল করতে হবে।

০৮। ইতোপূর্বে সরবরাহকৃত ১১ (এগারো) কলাম বিশিষ্ট ডিটেইললিষ্ট প্রত্যেক অডিট প্রতিবেদনের সহিত যুক্ত করতে হবে এবং উক্ত ডিটিইল লিষ্ট এর এর এক্সেল ফাইলের সফটকপি সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসার বরাবর সরবরাহ করতে হবে।

০৯। নিরীক্ষা প্রতিবেদনে অসত্য/ভুল/ভুয়া তথ্য পরিবেশন কিংবা কোনো তথ্য গোপন করা হলে সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

| **ক্র: নং** | **উপজেলার নাম** | সমবায় সমিতির নাম | নিবন্ধন নং ও তারিখ | ঠিকানা | পূর্ববর্তী নিরীক্ষকের নাম ও পরিচিতি | সমিতির ধরন (সক্রিয়/ নিষ্ক্রিয়) | বর্তমান নিরীক্ষকের নাম ও পরিচিতি |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| ১ | সিরাজগঞ্জ সদর | আল আমিন বহুমুখী সমবায় সমিতি লিঃ | ৪৯ ও ২৮/০৭/২০০৮ | গ্রাম : বানিয়াপট্টি<br>ডাকঘর : সিরাজগঞ্জ<br>উপজেলা : সিরাজগঞ্জ<br>জেলা : সিরাজগঞ্জ | মোঃ জুয়েল উদ্দিন, পরিদর্শক<br>বিভাগীয় সমবায় কার্যালয়<br>রাজশাহী | সক্রিয় | মোঃ জাহিদ কাদের, পরিদর্শক<br>বিভাগীয় সমবায় কার্যালয়<br>রাজশাহী |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২ | শাহজাদ পুর | নর্থ বেঙ্গাল ট্যাংকলরি চালক সমবায় সমিতি লিঃ | নিবন্ধন নং ২১, তারিখ- ০৬/০৩/১৯ ৭৯ | গ্রাম- বাঘাবাড়ীঘাট, পোঃ বাঘাবাড়ীঘাট, শাহাজাদপুর, সিরাজগঞ্জ | মো. ফেরদৌস জামান সহকারী পরিদর্শক শাহজাদপুর, সিরাজগঞ্জ | সক্রিয় | মোঃ জুয়েল উদ্দিন, পরিদর্শক বিভাগীয় সমবায় কার্যালয় রাজশাহী |
| ৩ | রায়গঞ্জ | চান্দাইকোনা আদর্শ বহুমুখী সমবায় সমিতি লিঃ | ৪১৬, ১৪/০২/১৯ ৮৩ | গ্রাম+পোঃ চান্দাইকোনা, চান্দাইকোনা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ, রাজশাহী | মোঃ নুরুজ্জামান,পরিদর্শ ক বিভাগীয় সঃ দপ্তর, রাজশাহী | সক্রিয় | সুব্রত কুমার রায়, পরিদর্শক বিভাগীয় সমবায় কার্যালয় রাজশাহী |
| ৪ | বেলকুচি | প্রত্যাশা সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | রেজি নং-০০৪৯, তারিখ-২৯/ ১২/২০১৬ | গ্রামঃনিশিবয়ড়া,ডাকঃ সুবর্ণসাড়া,বেলকুচি,সির াজগঞ্জ। | মোছাঃ সাপিয়া খাতুন,সহকারী পরিদর্শক,বেলকুচি, সিরাজগঞ্জ। | সক্রিয় | মো: নুরুজ্জামান, পরিদর্শক বিভাগীয় সমবায় কার্যালয় রাজশাহী |
| ৫ | বেলকুচি | ভাঙ্গাবাড়ী সাফল্য মহিলা সমবায় সমিতি লিঃ | রেজি নং-০১৯৮, তারিখ-১৫/ ০৩/২০১৬ | গ্রামঃ ভাঙ্গাবাড়ী,ডাকঃ ভাঙ্গাবাড়ী, বেলকুচি, সিরাজগঞ্জ। | খন্দকার শরীফুল ইসলাম ,সহকারী পরিদর্শক,বেলকুচি, সিরাজগঞ্জ। | সক্রিয় | মো: রফিকুল ইসলাম, পরিদর্শক বিভাগীয় সমবায় কার্যালয় রাজশাহী |




২৯-০৬-২০২৬
মিস. তানজিমুন নাহিদ
জেলা সমবায় কর্মকর্তা
ফোন : ০২৫৮৮৮৩০২৯১
ইমেইল : dco_sirajganj@yahoo.com

নম্বর: ৪৭.৬১.৮৮০০.০০০.০০০.৩২.০০০৮.১২.৪৭০/১ (১০)

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩
২৯ জুন ২০২৬

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।
২। উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিস, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
৩। উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় অফিস, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
৪। উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় অফিস, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
৫। উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ।
৬। জনাব মোঃ জাহিদ কাদের, পরিদর্শক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।
৭। জনাব মোঃ রফিকুল ইসলাম, পরিদর্শক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।
৮। জনাব সুব্রত কুমার রায়, পরিদর্শক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।
৯। জনাব মোঃ জুয়েল উদ্দিন, পরিদর্শক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।
১০। জনাব মোঃ নুরুজ্জামান, পরিদর্শক, বিচার শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।



২৯-০৬-২০২৬
মিস. তানজিমুন নাহিদ
জেলা সমবায় কর্মকর্তা